



বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল)

রহমান'স রেগনাম সেন্টার (৭ম, ৮ম ও ৯ম তলা)

১৯১/বি, তেজগাঁও-গুলশান লিংক রোড, ঢাকা-১২০৮।

ফোন : ৮৮ ০২ ৮৮৭৯১৯৪, ৮৮ ০২ ৮৮৭৯১৯২, ৮৮ ০২ ৮৮৭৯২৩৯

ফ্যাক্স : ৮৮ ০২ ৮৮৭৯১৯৩, ওয়েব সাইট : www.bscc.com



মূল্য সংবেদনশীল তথ্য

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১০ই অক্টোবর, ২০১৯খ্রিঃ তারিখ বিকাল ৪:০০ ঘটিকায় অত্র কোম্পানির ১৭৩তম পরিচালনা পর্ষদ সভা কোম্পানির প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক ৩০শে জুন ২০১৯ খ্রিঃ তারিখে সমাপ্ত অর্থ বছরের আর্থিক বিবরণী অনুমোদিত হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

বার্ষিক সাধারণ সভার তারিখ ও সময়	:	২৬শে নভেম্বর, ২০১৯খ্রিঃ; সকাল ১১-০০ ঘটিকা।
বার্ষিক সাধারণ সভার স্থান	:	মুক্তিযুদ্ধ স্মৃতি মিলনায়তন গ্যালারী, আইডিইবি ভবন ১৬০/এ, কাকরাইল ভিআইপি রোড, ঢাকা-১০০০।
রেকর্ড ডেট	:	৫ই নভেম্বর, ২০১৯ খ্রিঃ।
প্রস্তাবিত লভ্যাংশ	:	১৬% নগদ লভ্যাংশ।

টাকা

তুলনামূলক বিবরণী	২০১৯	২০১৮
শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য (NAVPS)	৩৮.৭৪	৩৫.৬৮
শেয়ার প্রতি আয় (EPS)	৩.৫৫	০.৪৪
শেয়ার প্রতি নীট পরিচালন নগদ প্রবাহ (NOCFPS)	৭.৩০	৪.০৭

উল্লেখযোগ্য হারে শেয়ার প্রতি আয় বৃদ্ধি সংক্রান্ত ব্যাখ্যাঃ বিবেচ্য সময়কালে কোম্পানির স্বাভাবিক ব্যবসায়িক কর্মকান্ড বৃদ্ধির ফলস্বরূপ ইপিএস বৃদ্ধি পেয়েছে। উক্ত সময়কালে কোনও অস্বাভাবিক আয় হয়নি।]

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১০ই অক্টোবর, ২০১৯খ্রিঃ তারিখে অনুষ্ঠিত কোম্পানির পরিচালনা পর্ষদের ১৭৩তম সভায় সরকারের মনোনয়নের প্রেক্ষিতে জনাব মশিউর রহমান, ব্যবস্থাপনা পরিচালক, বিএসসিসিএলকে পরবর্তী মেয়াদে বিএসসিসিএলের ব্যবস্থাপনা পরিচালক পদে পুনঃনিয়োগ প্রদান করা হয়েছে। তদুপরি পরিচালনা পর্ষদের উক্ত সভায় তৃতীয় সাবমেরিন ক্যাবলে যোগদানের লক্ষ্যে প্রস্তাবিত SEA-ME-WE-6 কনসোর্টিয়ামের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের অনুমোদন প্রদান করা হয়েছে।

বিশেষ দৃষ্টব্যঃ

- ৫ই নভেম্বর, ২০১৯খ্রিঃ তারিখ অর্থাৎ “রেকর্ড ডেট”-এ যে সকল শেয়ারহোল্ডারদের শেয়ার থাকবে, সেই সকল শেয়ারহোল্ডারগণ শেয়ারের বিপরীতে নগদ লভ্যাংশ প্রাপ্তি এবং ১১তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত থাকার জন্য বিবেচিত হবেন।
- সম্মানিত শেয়ারহোল্ডারদের আরও জানানো যাচ্ছে যে, ৫ই নভেম্বর, ২০১৯খ্রিঃ তারিখের মধ্যে নিজ নিজ বিও/ফিলিও এর ঠিকানা ও ব্যাংক এ্যাকাউন্ট এর তথ্য (প্রয়োজ্য ক্ষেত্রে) হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো।
- আগামী ৫ই নভেম্বর, ২০১৯খ্রিঃ তারিখ এর মধ্যে সংশ্লিষ্ট ব্রোকার হাউজের সাথে যোগাযোগ করে ১২ সংখ্যার e-TIN নাম্বার অন্তর্ভুক্তির জন্য অনুরোধ করা হলো এবং একই তারিখের মধ্যে প্রয়োজনে কোম্পানির শেয়ার বিভাগের নিকট ১২ সংখ্যার e-TIN নাম্বার প্রদান করা যাবে।
- বাংলাদেশ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের পত্র নং- SEC/CMRCD/2009-193/169, তারিখঃ ১৪ মে ২০১৫খ্রিঃ অনুসারে জানানো যাচ্ছে যে, লভ্যাংশ প্রাপ্তির জন্য স্টক ব্রোকার হাউজগণকে রেকর্ড ডেট এর মধ্যে মার্জিন হোল্ডার, শেয়ার হোল্ডিং, e-TIN নাম্বার, টেলিফোন নাম্বার, ফ্যাক্স নাম্বার ও ই-মেইল ইত্যাদির তথ্য এবং সুবিধাভোগীদের ক্ষেত্রে তাদের নাম, ব্যাংক এর নাম ও হিসাব নাম্বার, রাউটিং নাম্বার আগামী ১৪ই নভেম্বর, ২০১৯খ্রিঃ তারিখের মধ্যে অত্র কোম্পানির শেয়ার বিভাগে জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- বিস্তারিত বার্ষিক আর্থিক প্রতিবেদন কোম্পানির ওয়েব সাইটে রয়েছে। কোম্পানির ওয়েব সাইটের ঠিকানা - www.bscc.com

১০ই অক্টোবর, ২০১৯খ্রিঃ।

পরিচালনা পর্ষদের আদেশক্রমে

মোঃ আব্দুস সালাম খান, এফসিএস
কোম্পানি সচিব, বিএসসিসিএল।